দৈনিক খবর ১৪

তারিখ 05 APR 1993
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষার গুরুত্ব সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত

গুলশান থানা শিক্ষক সমিতি আয়োজিত 'জাতীয় জীবনে শিক্ষার গুরুত্বঃ শিক্ষার মানোন্নয়নে বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের একক সংগঠনের ভূমিকা' শীর্ষক সেমিনার গুলশান মডেল হাই স্কুল প্রাঙ্গণে গত শনিবার বিকেলে অনুষ্ঠিত হয়েছে।

প্রধান অতিথি ছিলেন ইত্তেফাক ও নিউনেশন পত্রিকার সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিষ্টার মইনুল হোসেন, বিশেষ অতিথি সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী ও ইয়াকুব আলী আওরঙ্গজেব, প্রধান শিক্ষক, নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয়। সভায় সভাপতিত্ব করেন গুলশান থানা শিক্ষক সমিতির সভাপতি খালেদ মোমিন। সভায় সেমিনারের মূল বক্তব্য পাঠ করেন সেমিনার উপ-কমিটির আহবায়ক আঃ জাঃ গোলাম রাব্বানী। বক্তব্য রাখেন গুলশান থানা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মঞ্জুর আলম, অভিভাবক সমিতির সভাপতি ডাঃ এ এম এ জামান, ইয়াকুব আলী, প্রধান শিক্ষক, মতিঝিল মডেল হাই স্কুল। সেমিনার পরিচালনা করেন সাংগঠনিক সম্পাদক মোঃ মতিউর রহমান। খবরবিজ্ঞপ্তির।